বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

জরুরি
গোপনীয়

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২৩.১৫

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯
০২ এপ্রিল ২০২৩

বিষয়: **বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) মূল্যায়ন প্রতিবেদন প্রসঙ্গে।**

সূত্র: পেট্রোবাংলার পত্র সূত্র নং-২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.৬৫ তারিখ-২৪-০৮-২০২২

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্র অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ এর আলোকে বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) কর্মসম্পাদন মূল্যায়ন প্রতিবেদন (পতাকা-ক) এবং হালনাগাদকৃত সিটিজেন চার্টার (পতাকা-খ) এতদ্সঙ্গে সংযুক্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

শ্রদ্ধান্তে,

২-৪-২০২৩
মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ :
১) পরিচালক (প্রশাসন), প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
২) মহাব্যবস্থাপক (অনুসন্ধান), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

**দৃষ্টি আকর্ষণঃ** মহাব্যবস্থাপক (অনুসন্ধান), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২৩.১৫/১

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯
০২ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাব্যবস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর) এবং আহবায়ক ও টিম লিডার, এপিএ টিম, বিজিএফসিএল।
লিমিটেড

২-৪-২০২৩

মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)

পতাকা-ক
১

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

## সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) মূল্যায়ন প্রতিবেদন

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | প্রমাণক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ অসাধারণ ১০০% | অর্জন | অর্জিত মান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| প্রাতিষ্ঠানিক | ১৮ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | [১.১.১] কমিটি পুনর্গঠিত | পুনর্গঠিত কমিটি হালনাগাদ সংক্রান্ত সরকারি পত্র/ওয়েবলিংক | সংখ্যা | ৩ | ৪ | ১ | ০.৭৫ |
| | | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.২.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত এবং প্রতিবেদন প্রেরিত | ৪টি বাস্তবায়ন প্রতিবেদন | % | ৪ | ৯০% | ২২.৫% | ১.০০ |
| | | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | [১.৩.১] সভা আয়োজিত | সভার কার্যবিবরণী/সভার নোটিশ/উপস্থিতি/হাজিরা | সংখ্যা | ২ | ৪ | ১ | ০.৫০ |
| | | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | [১.৪.১] হালনাগাদকৃত | হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত অফিস আদেশ/সরকারি পত্র/ওয়েবলিংক | সংখ্যা | ৯ | ৪ | ১ | ২.২৫ |
| সক্ষমতা অর্জন | ৭ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | [২.১.১] প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজিত | অফিস আদেশ/ আলোচ্যসূচি/ প্রশিক্ষণার্থীদের তালিকা/উপস্থিতির হাজিরা | সংখ্যা | ৩ | ২ | ১ | ১.৫০ |
| | | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [২.২.১] অবহিতকরণ সভা আয়োজিত | অবহিতকরণ সভার নোটিশ/সভার কার্যবিবরণী/উপস্থিতির হাজিরা | সংখ্যা | ৪ | ২ | - | |
| | | | | | | | | ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর অর্জন = | ৬ |



02/04/2023

Engr. Md. Rafiqul Islam
Manager (Reservoir Engineering)
Reservoir Engineering Department
Bangladesh Gas Fields Company Limited
Brahmanbaria.

২

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.৫

তারিখ: ২৮ পৌষ ১৪২৯
১২ জানুয়ারি ২০২৩

## অফিস আদেশ

সেবা প্রদান প্রতিশ্রুতি (citizen charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী সিটিজেন চার্টার সংক্রান্ত ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) পরিবীক্ষন কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলোঃ

| ক্রমিক নম্বর | নাম | | পদবী |
|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) | - | আহ্বায়ক |
| ০২। | জনাব মীর মোঃ আশরাফুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন) | - | সদস্য |
| ০৩। | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং) | - | সদস্য-সচিব |
| ০৪। | জনাব মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) | - | সদস্য |
| ০৫। | জনাব জয়দেব কুমার দত্ত<br>উপ-ব্যবস্থাপক (জিওলজি) | - | সদস্য |

কমিটির TOR নিম্নরূপঃ

১। সেবা প্রদান প্রতিশ্রুতি (citizen charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহন।

১২-১-২০২৩
মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক

নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.৫/১(১৪)

তারিখ: ২৮ পৌষ ১৪২৯
১২ জানুয়ারি ২০২৩

অনুলিপি:

১) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।

২) উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন), উন্নয়ন বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৩) ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং সদস্য-সচিব, সিটিজেন চার্টার কমিটি

৪) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৬) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৭) উপ-ব্যবস্থাপক (জিওলজিক্যাল) , জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড



১২-১-২০২৩
মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.৩

তারিখ: ১ মাঘ ১৪২৯
১৫ জানুয়ারি ২০২৩

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভার নোটিশ (সংশোধিত)।**

বিজিএফসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) জন্য একটি নতুন কমিটি গঠন করা হয়েছে পতাকা-ক। আগামী ১৬-০১-২০২৩ তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় তিতাস লোকেশন-এ এর টিএনজি বিল্ডিং এর ৩য় তলায় কোম্পানির লাইব্রেরিতে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় বিজিএফসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) জন্য গঠিত কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে,

১৫-১-২০২৩
মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং)

বিতরণ :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২) উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন), উন্নয়ন বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৩) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) উপ-ব্যবস্থাপক (জিওলজিক্যাল) , জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.৩/১(৪)

তারিখ: ১ মাঘ ১৪২৯
১৫ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২) কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক, কোম্পানী সচিবালয় ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৩) উপ-মহাব্যবস্থাপক (রিজার্ভার) (অতিরিক্ত দায়িত্ব), রিজার্ভার ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৫

১৫-১-২০২৩
মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং)

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

১৬-০১-২০২৩ তারিখে বিজিএফসিএল-এর "সেবা প্রদান প্রতিশ্রুতি" সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২৩) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ১৬ জানুয়ারি, ২০২৩ |
| সভার সময় | ১০:০০ ঘটিকা |
| স্থান | তিতাস লোকেশন-এ, টিএনজি বিল্ডিং, লাইব্রেরি রুম, বিজিএফসিএল।। |
| উপস্থিতি | কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য (তালিকা সংযুক্ত - পতাকা-ক)। |

বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), মোঃ জাকির হোসেন তরফদার এর সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্যদের অংশগ্রহণে ১৬-০১-২০২৩ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় তিতাস লোকেশন-এ, টিএনজি বিল্ডিং, লাইব্রেরি রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচনা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা:

১.১। সভার শুরুতে কমিটির সদস্য-সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ বিষয়ক ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর জন্য পুনর্গঠিত কমিটির নতুন সদস্যদের প্রতি সেবা প্রদান প্রতিশ্রুতির গুরুত্ব সম্পর্কে অবহিত করার জন্য সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি উল্লেখ করেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অন্তর্ভূক্ত ৫টি টুলস্ এর মধ্যে "সেবা প্রদান প্রতিশ্রুতি" একটি অন্যতম টুলস্। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সদস্য-সচিব, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকের ১.১-১.৪ এবং ২.১-২.২ অনুচ্ছেদসমূহ আলোচনা করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে কমিটি পুনর্গঠন করা, ওয়েব সাইটে আপলোড করা, সভা আয়োজন করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা সম্পর্কে সভায় আলোচনা করা হয়। কমিটির সদস্য-সচিব আরো উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উল্লিখিত অনুচ্ছেদসমূহে বর্ণিত সভা, সভার কার্যবিবরণী প্রস্তুত, বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত এবং এ সকল বিষয়ের প্রমাণক প্রস্তুত করে প্রস্তুতকৃত প্রমাণকসমূহ যথাসময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

১.২। সভার শুরুতে সভাপতি কোম্পানির সিটিজেন চার্টারে উল্লিখিত সেবা নিয়ে আলোচনা করেন। ২য় ত্রৈমাসিকে ২টি অভ্যন্তরীণ সেবা অন্তর্ভূক্ত করা হয়েছে। বিদ্যমান সেবাসমূহকে আরো সহজিকরণ করার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে বলেন। এ বিষয়ে কমিটির সদস্য উপ-মহাব্যবস্থাপক (উন্নয়ন) বলেন কোম্পানির লাইব্রেরি রুমের তথ্যাদি প্রয়োজনের সময় দ্রুততর সময়ে প্রদান করার জন্য এটিকে সুবিন্যস্ত করা জরুরি। সভায় লাইব্রেরি রুম এবং এর দায়িত্ব নিয়ে আলোচনা করা হয়। ১৯৬২ সালে তিতাস গ্যাস ফিল্ড আবিষ্কার হওয়ার পর থেকে বর্তমান সময় পর্যন্ত কোম্পানির আওতাধীন ৬টি ফিল্ডের কূপসমূহের লগ/ড্রিলিং/ওয়ার্কওভার/রিজার্ভয়ার/জিওলজি/সাইসমিকসার্ভেসহ গ্যাস ফিল্ড ভিত্তিক গুরুত্বপুর্ণ তথ্যাদি লাইব্রেরিতে সংরক্ষণ করা হয়। ৭৫০ বর্গফুটের একটি রুমে বর্তমানে ৭টি স্টিলের আলমারি, ২৯ টি স্টিলের কেবিনেট, ১০টি কাঠের শোকেজ এর মধ্যে গাদাগাদি করে এ সকল তথ্যাদি রাখা হয়েছে। সম্প্রতি স্থাপিত ৫টি নতুন প্রসেস প্লান্ট ও ৯টি কম্প্রেসর এর বিভিন্ন ড্রইং/ম্যানুয়েল সম্বলিত তথ্যাদি লাইব্রেরিতে রাখার জন্য জায়গার সংকুলান না হওয়ায় লাইব্রেরি রুমের পাশে কর্মকর্তাদের বসার ৩টি রুমের মধ্যে এলোমেলোভাবে রাখা হয়েছে। নন-মুভেবল আইটেমসহ লাইব্রেরির অংশ নয় এমন বেশ কিছু মালামাল এলোমেলোভাবে লাইব্রেরিতে থাকায় লাইব্রেরি রুমের জায়গার সংকট তৈরি করছে। এ মালামাল গুলো অপসারণ করে তিতাস লোকেশন-সি তে রাখার বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। বর্তমানে চলমান ২টি কম্প্রেসর প্রকল্পের মালামাল, ভবিষ্যতে নতুন কূপ খনন এবং পুরাতন কূপ ওয়ার্কওভার এর তথ্যাদি লাইব্রেরিতে সংরক্ষণ করার জন্য অনেক জায়গার প্রয়োজন হবে। ফলে, টিএনজি বিল্ডিং এর সম্পূর্ণ একটি ফ্লোর লাইব্রেরির জন্য বরাদ্দ করার জন্য কমিটির সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। এ বিষয়টি সভাপতি কোম্পানির সমন্বয় সভায় আলোচনা করার মত প্রকাশ করেন।

১.৩। সভাপতি লাইব্রেরিতে কি কি তথ্য আছে এর লিস্ট সম্পর্কে জানতে চাইলে কমিটির সদস্য উপ-ব্যবস্থাপক (জিওলজি) বলেন কয়েক বছর পূর্বে লাইব্রেরিতে রাখা তথ্যাদির একটি তালিকা করা হয়েছে। লিস্টটি এক্সেল ফরম্যাটে করা আছে। তালিকা থেকে তথ্য খুজে বের করা সময় সাপেক্ষ। অজানা কোনো ব্যক্তির পক্ষে এ তালিকা থেকে তথ্য বের করে দেয়া সহজতর নয়। অনেক তথ্যের ট্যাগ অস্পষ্ট হয়ে গেছে। স্টিলের কেবিনেট গুলোতে ট্যাগ না থাকায় এর মধ্যে কি তথ্য আছে তা বাইরে থেকে জানা সম্ভব নয়। উপ-মহাব্যবস্থাপক (উন্নয়ন) বলেন প্রতিটি তথ্যের গায়ে সংক্ষিপ্তভাবে বর্ণিত ট্যাগ থাকা জরুরি যার মাধ্যমে সহজেই তথ্যটি সম্পর্কে বুঝা যাবে। সভাপতি বলেন লাইব্রেরির লিস্টটি হালনাগাদপূর্বক প্রতিটি তথ্যের গায়ে নতুন করে ট্যাগ লাগানোর জন্য উপ-ব্যবস্থাপক (জিওলজি) কে নির্দেশ প্রদান করেন।

১.৪। লাইব্রেরিটি রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের আওতায় ডাটা সেকশনের অন্তর্ভূক্ত। শাখা প্রধান হিসেবে বর্তমানে এখানে কোনো কর্মকর্তা নেই। কমিটির সদস্য, উপ-ব্যবস্থাপক (জিওলজি) বর্তমান লাইব্রেরিটি দেখাশুনা করেন। লাইব্রেরিটি সুবিন্যস্ত করার জন্য ব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তাকে শাখা প্রধান হিসেবে দায়িত্ব প্রদান করা জরুরি। সভাপতি এ বিষয়ে নথি উত্থাপনের জন্য সদস্য-সচিব কে নির্দেশ দেন। কমিটির সদস্য সচিব উল্লেখ করেন কিছুদিন পূর্বে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয় লাইব্রেরি রুম পরিদর্শন করেছেন। তিনি সিলেট গ্যাস ফিল্ডের লাইব্রেরি পরিদর্শনপূর্বক এটিকে সুবিন্যস্ত করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সভাপতি সিলেট গ্যাস ফিল্ডের লাইব্রেরি পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সদস্য-সচিব কে বলেন।

১.৫। উপ-ব্যবস্থাপক (জিওলজি) বলেন গ্যাস ও ওয়েল সেকটরের আধুনিক প্রযুক্তি সম্পর্কে জানার জন্য এ বিষয়ক উল্লেখযোগ্য দেশী/বিদেশী ম্যাগাজিন লাইব্রেরিতে রাখা প্রয়োজন। সভায় বিদেশী ম্যাগাজিনের মধ্যে Society of Petroleum Engineering (SPE) এর ম্যাগাজিন রাখার বিষয়ে আলোচনা করা হয়। ব্যবস্থাপক (জনসংযোগ) বলেন, কোম্পানিতে পেপার/ম্যাগাজিনের বাজেট আছে। এ বিষয়ে একটি নথি উত্থাপন করা হলে ম্যাগাজিন সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১.৬। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে আওতাধীন দপ্তর/সংস্থা এর সমন্বয়ে সভা আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে কোম্পানির হবিগঞ্জ ফিল্ড এবং বৈদেশিক ক্রয় বিভাগের সমন্বয়ে একটি সভা আয়োজন করার জন্য সভায় আলোচনা করা হয়। কমিটির সকলেই এ বিষয়ে একমত প্রকাশ করেন।

১.৭। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ বিষয়ে ২০২২-২৩ অর্থ বছরের মোট ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করার নির্দেশনা রয়েছে। ২য় ত্রৈমাসিকে কোম্পানির প্রধান কার্যালয় ও তিতাস ফিল্ড এর সমন্বয়ে ৩৫ জন কর্মচারীকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে একটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩য় ত্রৈমাসিক মেঘনা ফিল্ডের কর্মকর্ত/কর্মচারীদেরকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রশিক্ষণ বিভাগের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি কমিটির সদস্য-সচিবকে নির্দেশ প্রদান করেন।

১.৮। কোম্পানির বিদ্যমান সিটিজেন চার্টারটি নিয়মিত হালনাগাদ করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২.০ সিদ্ধান্ত :

২.১। তিতাস লোকেশন-এ এর টিএনজি বিল্ডিং এর ৩য় তলায় রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের আওতাধীন ডাটা সেকশনের অন্তভূক্ত বিদ্যমান লাইব্রেরি রুমের মধ্যে লাইব্রেরির অংশ নয় এমন নন-মুভেবল/অপ্রয়োজনীয় মালামাল অপসারণ করে তিতাস লোকেশন-সি এর স্ক্রাপ ইয়াডে স্থানান্তর করা;

২.২। লাইব্রেরিতে বিদ্যমান বিভিন্ন তথ্যাদি/প্রতিবেদন এর তালিকা হালনাগাদপূর্বক নতুন ট্যাগ লাগানো;

২.৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী লাইব্রেরির তথ্যাদি সুবিন্যস্ত করার জন্য সিলেট গ্যাস ফিল্ডের লাইব্রেরি পরিদর্শন করার ব্যবস্থা গ্রহণ করা;

২.৪। 'কারিগরি জ্ঞান অর্জনের জন্য কোম্পানির লাইব্রেরি ব্যবহার' এ বিষয়টি কোম্পানির সিটিজেন চার্টারের অভ্যন্তরীণ সেবার মধ্যে অন্তর্ভূক্ত করা;

২.৫। কোম্পানির হবিগঞ্জ ফিল্ডের সাথে বৈদেশিক ক্রয় বিভাগের সমন্বয়ে একটি সভা আয়োজন করা;

২.৬। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে কোম্পানির মেঘনা ফিল্ডের

কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদান করা;

২.৭। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.৪

তারিখ: ১০ মাঘ ১৪২৯
২৪ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

২) মহাব্যবস্থাপক (অনুসন্ধান), ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) মহাব্যবস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর), কম্প্রেসর ও জেনারেটর ডিভিশন, এবং আহবায়ক ও টিম লিডার, এপিএ কমিটি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৪) উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন), উন্নয়ন বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, সদস্য, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৬) উপ-ব্যবস্থাপক (জিওলজিক্যাল) , জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং) ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

## সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা
## (৩য় ত্রৈমাসিক: জানুয়ারি-মার্চ, ২০২৩), অর্থবছর: ২০২২-২৩

স্থানঃ তিতাস লোকেশন-এ, টিএনজি বিল্ডিং ৩য় তলা, লাইব্রেরি হল, বিজিএফসিএল
তারিখঃ ১৬.০১.২০২৩, সোমবার

উপস্থিতিঃ

| ক্রমিক নম্বর | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) | আহ্বায়ক | 16.01.23 |
| ২ | জনাব মীর মোঃ আশরাফুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন) | সদস্য | ১৬/০১/২০২৩ |
| ৩ | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং) | সদস্য-সচিব | 16/01/2023 |
| ৪ | জনাব মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) | সদস্য | 16.01.23 |
| ৫ | জনাব জয়দেব কুমার দত্ত<br>উপ-ব্যবস্থাপক (জিওলজি) | সদস্য | 16.01.23 |

"গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
# Bangladesh Gas Fields Company Ltd.
(A Company of Petrobangla)

**সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় বিজিএফসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন:**

বিজিএফসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) ১৬-০১-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত ০৭টি সিদ্ধান্ত নিম্নোক্তভাবে বাস্তবায়ন করা হয়েছে:

| ক্রমিক নম্বর | কার্যক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি | প্রমাণক (পতাকা-ক) |
|---|---|---|---|---|
| ১ | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৩য় ত্রৈমাসিক সভার নোটিশ/কার্যবিবরণী/উপস্থিতির হাজিরা | | পৃষ্ঠা নং- ৪-১০ |
| | | ২.১। তিতাস লোকেশন-এ এর টিএনজি বিল্ডিং এর ৩য় তলায় রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের আওতাধীন ডাটা সেকশনের অন্তর্ভুক্ত বিদ্যমান লাইব্রেরি রুমের মধ্যে লাইব্রেরির অংশ নয় এমন নন-মুভেবল/অপ্রয়োজনীয় মালামাল অপসারণ করে তিতাস লোকেশন-সি এর স্ক্রাপ ইয়াডে স্থানান্তর করা। | সংশ্লিষ্ট মালামাল যথাস্থানে স্থানান্তর করা হয়েছে। | |
| | | ২.২। লাইব্রেরিতে বিদ্যমান বিভিন্ন তথ্যাদি/প্রতিবেদন এর তালিকা হালনাগাদপূর্বক নতুন ট্যাগ লাগানো। | তালিকা হালনাগাদপূর্বক নতুন ট্যাগ লাগানো করা হয়েছে। | পৃষ্ঠা নং- ১২ |
| | | ২.৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী লাইব্রেরির তথ্যাদি সুবিন্যস্ত করার জন্য সিলেট গ্যাস ফিল্ডের লাইব্রেরি পরিদর্শন করার ব্যবস্থা গ্রহণ করা। | সিলেট গ্যাস ফিল্ডের লাইব্রেরি পরিদর্শনপূর্বক লাইব্রেরির তথ্যাদি সুবিন্যস্ত করা হয়েছে। | পৃষ্ঠা নং- ১৩ |
| | | ২.৪। কারিগরি জ্ঞান অর্জনের জন্য কোম্পানির লাইব্রেরি ব্যবহার' এ বিষয়টি কোম্পানির সিটিজেন চার্টারের অভ্যন্তরীণ সেবার মধ্যে অন্তর্ভুক্ত করা। | বিষয়টি কোম্পানির সিটিজেন চার্টারের অভ্যন্তরীণ সেবার মধ্যে অন্তর্ভুক্ত করা করা হয়েছে। | পৃষ্ঠা নং- ১৪ |
| | | ২.৫। কোম্পানির হবিগঞ্জ ফিল্ডের সাথে বৈদেশিক ক্রয় বিভাগের সমন্বয়ে একটি সভা আয়োজন করা। | সভা আয়োজন করা হয়েছে। | পৃষ্ঠা নং- ১৫-২৩ |
| | | ২.৬। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে কোম্পানির মেঘনা ফিল্ডের কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদান করা। | প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | পৃষ্ঠা নং- ২৪-২৭ |
| | | ২.৭। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা হয়েছে। | পৃষ্ঠা নং- ২৮ |

02.4.23

(মোঃ জাকির হোসেন তরফদার)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

"গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।"

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
# Bangladesh Gas Fields Company Ltd.
(A Company of Petrobangla)

মুজিব শতবর্ষ MUJIB 100

১৬-০১-২০২৩ তারিখে বিজিএফসিএল-এর "সেবা প্রদান প্রতিশ্রুতি" সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভার সিদ্ধান্তের অনুচ্ছেদ ২.২ এবং ২.৩ এর বাস্তবায়ন প্রতিবেদন :

বিজিএফসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় তৃতীয় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ ২০২৩) ১৬-০১-২০২৩ তারিখে বিজিএফসিএল-এর "সেবা প্রদান প্রতিশ্রুতি" সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভায় কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ২.২ এবং ২.৩ অনুযায়ী 'লাইব্রেরিতে বিদ্যমান বিভিন্ন তথ্যাদি/প্রতিবেদন এর তালিকা হালনাগাদপূর্বক নতুন ট্যাগ লাগানো' এবং 'ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী লাইব্রেরির তথ্যাদি সুবিন্যস্ত করার জন্য সিলেট গ্যাস ফিল্ডের লাইব্রেরি পরিদর্শন করার ব্যবস্থা গ্রহণ করা' বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত দুটি নিম্নোক্তভাবে বাস্তবায়ন করা হয়েছে:

লাইব্রেরিতে বিদ্যমান বিভিন্ন তথ্যাদি/প্রতিবেদন এর তালিকা হালনাগাদপূর্বক নতুন ট্যাগ লাগানো হয়েছে:

| পূর্বের অবস্থা | পরের অবস্থা |
|---|---|
|  |  |
|  |  |



পৃষ্ঠা ২ এর ১

"গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।"

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
# Bangladesh Gas Fields Company Ltd.
(A Company of Petrobangla)

মুজিব শতবর্ষ MUJIB 100

লাইব্রেরির তথ্যাদি সুবিন্যস্ত করা হয়েছে:

| পূর্বের অবস্থা | পরের অবস্থা |
| --- | --- |
|  |  |
|  |  |

02.4.23
(মোঃ জাকির হোসেন তরফদার)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
আহবায়ক, সিটিজেন চার্টার কমিটি, বিজিএফসিএল।



**Head Office** : Birashar, Brahmanbaria-3400, Bangladesh, **Tel : PABX :** 88-0851-58141, 58428 & 59128, **Fax :** 88-0851-59390
**Liaison Office:** Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **Tel :** 88-02-8189508, **Fax :** 88-02-8189507
**Website :** www.bgfcl.org.bd, **E-mail :** md@bgfcl.org.bd & mdbgfcl@yahoo.com

২.৩) অভ্যন্তরীণ সেবা: (পরিঃ ও উন্নয়ন)

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল) | উর্ধ্বতন কর্মকর্তার নাম, পদবি, জেলা/উপজেলার কোড, অফিসিয়াল টেলিফোন ও ইমেইল |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২০ | কোম্পানির উন্নয়ন প্রকল্পের খাতওয়ারী বাজেট প্রদান। | উন্নয়ন প্রকল্পের এপিপিসহ আওতাধীন বিভাগসমূহের খাতওয়ারী বাজেট বরাদ্দের প্রস্তাব প্রেরণ। | অনুমোদিত এডিপি/আরএডিপি | বিনামূল্যে | ৩০ কার্যদিবস | প্রকৌঃ মোঃ বাবুল মিয়া<br>উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)<br>মোবাঃ ০১৭৩০০৯৩৬৯০<br>ই-মেইলঃ<br>babul_71@yahoo.com | মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>মোবাঃ ০২৩৩৪৪২৭৬১৮<br>gmpd@bgfcl.org.bd<br>বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০ |
| ২১ | ওয়েবসাইট প্রতিবেদন | বিভিন্ন প্রকল্প অফিস হতে হালনাগাদ তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন প্রণয়ন করে কোম্পানির আইটি শাখায় প্রেরণ। | পরিকল্পনা বিভাগের প্রণীত ফরমেট | বিনামূল্যে | ০৫ কার্যদিবস | | |
| ২২ | জ্ঞান অর্জনের জন্য লাইব্রেরি ব্যবহার। | লাইব্রেরির রেজিষ্টার খাতায় এন্ট্রি করে তথ্য সংগ্রহ এবং সময়মত ফেরত প্রদান। | রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ, তিতাস লোকেশন-এ | বিনামূল্যে | ০১ কার্যদিবস | প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম<br>ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং) এবং ব্যবস্থাপক (ডাটা)-অতিরিক্ত দায়িত্ব<br>মোবাইল: ০১৭৮৭৬৭৭৮৫৪<br>ই-মেইল:<br>rafiq444@gmail.com | |

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

জরুরি

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২৩.৬

তারিখ: ২৯ মাঘ ১৪২৯
১২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **দপ্তর/সংস্থা/স্থাপনার সমন্বয়ে কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা প্রসঙ্গে।**

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য পেট্রোবাংলা কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, কোম্পানির বৈদেশিক সংগ্রহ বিভাগ এবং হবিগঞ্জ ফিল্ডের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সভা আগামী ১৩.০২.২০২৩ তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়ের মিটিং রুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় বৈদেশিক সংগ্রহ বিভাগ, হবিগঞ্জ ফিল্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং ৩য় ত্রৈমাসিকের জন্য গঠিত কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে,

১২-২-২০২৩
মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং) ও সদস্য-সচিব,
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।

বিতরণ :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২) উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বৈদেশিক সংগ্রহ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৩) উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন), উন্নয়ন বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) উপ-মহাব্যবস্থাপক (হবিগঞ্জ), হবিগঞ্জ ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৫) ব্যবস্থাপক (এফপি), বৈদেশিক সংগ্রহ শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপক, প্লান্ট মেইনটেন্যান্স শাখা (হবিগঞ্জ ফিল্ড),
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৮) উপ-ব্যবস্থাপক (জিওলজিক্যাল) , জিওলজিক্যাল
শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২৩.৬/১(৭)

তারিখ: ২৯ মাঘ ১৪২৯
১২ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২) মহাব্যবস্থাপক (অপারেশন), অপারেশন ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৩) কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক, কোম্পানী সচিবালয় ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৫) উপ-মহাব্যবস্থাপক (রিজার্ভার) (অতিরিক্ত দায়িত্ব), রিজার্ভার ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৭) ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস), জেনারেল সার্ভিসেস শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
(মিটিং রুমে সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১২-২-২০২৩
মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং) ও সদস্য-
সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ
কমিটি।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
১৩-০২-২০২৩ তারিখে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে
বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ,
২০২৩) সভার কার্যবিবরণী (সংশোধিত)।

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ১৩ ফেব্রুয়ারি, ২০২৩ |
| সভার সময় | ১০:০০ ঘটিকা |
| স্থান | মিটিং রুম, প্রধান কার্যালয়। |
| উপস্থিতি | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য, বৈদেশিক সংগ্রহ বিভাগ, হবিগঞ্জ ফিল্ডের কর্মকর্তা (তালিকা সংযুক্ত)। |

বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির আহবায়ক জনাব মোঃ জাকির হোসেন তরফদার এর সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, কোম্পানির বৈদেশিক সংগ্রহ বিভাগ এবং হবিগঞ্জ ফিল্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণে ১৩-০২-২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় প্রধান কার্যালয়ের মিটিং রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচনা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা:

১.১। সভার শুরুতে কমিটির সদস্য-সচিব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নির্দেশমালা এবং ১.৩ অনুচ্ছেদ এ বর্ণিত আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনের গুরুত্ব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভূক্ত ৫টি টুলস্ এর মধ্যে "সেবা প্রদান প্রতিশ্রুতি" একটি অন্যতম টুলস্। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে সেবা প্রদান প্রতিশ্রুতি এর গুরুত্ব অপরিসীম।

১.২। সভায় সেবা প্রদান সহজ করার আলোচনায় হবিগঞ্জ ফিল্ডের ব্যবস্থাপক (প্লান্ট রক্ষণাবেক্ষণ) উল্লেখ করেন, হবিগঞ্জ ফিল্ডের Portable Pneumatic Pressure Calibrator ক্রয়ের জন্য Propritory Item হিসেবে Direct Tendering Method (DTM) এর মাধ্যমে পূর্বে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে ক্রয়ের জন্য গত ১৪.০৭.২০২২ তারিখে নথির মাধ্যমে

একটি Materials Requisition (MR) উত্থাপন করা হয়। সরবরাহকারী প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তন হওয়ায় সরবরাহকারী প্রতিষ্ঠান নতুন ঠিকানায় যোগাযোগ করার জন্য বৈদেশিক সংগ্রহ বিভাগ বরাবর পত্র প্রেরণ করেন। কোম্পানির বৈদেশিক সংগ্রহ বিভাগ অধিযাচনে উল্লিখিত ঠিকানা পরিবর্তনের বিষয় হবিগঞ্জ ফিল্ড এর পক্ষ থেকে বৈদেশিক সংগ্রহ বিভাগকে জানানোর জন্য বলেন। সরবরাহকারী প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তন অথবা অন্য কোনো সমস্যার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের দায়িত্ব যেহেতু বৈদেশিক সংগ্রহ বিভাগের এ বিবেচনায় হবিগঞ্জ ফিল্ড বৈদেশিক সংগ্রহ বিভাগকেই নতুন ঠিকানায় যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন এবং গত ১৯.০১.২০২৩ তারিখে বৈদেশিক সংগ্রহ বিভাগ কর্তৃক নতুন ঠিকানা বরাবর পত্র প্রেরণ করা হয়। বৈদেশিক মালামাল ক্রয়ের ক্ষেত্রে MR উত্থাপন পরবর্তী সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অথবা অন্য কোনো সমস্যার জন্য MR উত্থাপনকারী বিভাগ/শাখার করণীয় বিষয়ে উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) বলেন, কোম্পানিতে ব্যবহৃত অনেক মালামাল বাজারে সহজলভ্য নয়। প্রযুক্তির পরিবর্তনের ফলে সরবরাহকারী প্রতিষ্ঠান গুলো তাদের পূর্বের কিছু কিছু product উৎপাদন বন্ধ করে দিয়েছে। নতুন product এর তথ্য সবসময় পাওয়া যায় না। DTM পদ্ধতিতে বৈদেশিক মালামাল সংগ্রহের ক্ষেত্রে যথাযথ যুক্তি থাকলে সকল কার্যক্রম বৈদেশিক সংগ্রহ বিভাগ থেকেই করা হয়।DTM পদ্ধতিতে কখনো কখনো ম্যানুফ্যাকচারার/ডিস্ট্রিবিউটর প্রতিষ্ঠানগুলো রেসপন্স করে না, এই পদ্ধতিতে মালামাল সংগ্রহ করা না গেলে বিষয়টি MR উত্থাপনকারী বিভাগ/শাখাকে জানানো হয় এবং প্রয়োজনে Open Tendering Method (OTM) পদ্ধতিতে MR উত্থাপন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। উল্লেখ্য সরবরাহকারী প্রতিষ্ঠান যোগাযোগ না করলে মালামাল ক্রয়ে জটিলতা অথবা বিলম্ব হয়। এ প্রেক্ষিতে উপ-মহাব্যবস্থাপক (হবিগঞ্জ) বলেন বৈদেশিক মালামাল একসাথে অনেক গুলো না ক্রয় করে আলাদা আলাদা ভাবে ক্রয় কার্যক্রম শুরু করলে দ্রুততার সাথে ক্রয় করা সম্ভব। জরুরী প্রয়োজনের মালামাল ক্রয়ে বিলম্ব হলে অপারেশন/রক্ষণাবেক্ষণ কাজে ব্যঘাত সৃষ্টি হয়। ব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) বলেন বৈদেশিক মালামাল ক্রয়ের ক্ষেত্রে একই ধরণের মালামাল একসাথে ক্রয়ের জন্য নির্দেশনা রয়েছে। সকল বিভাগ/শাখা বার্ষিক ক্রয় পরিকল্পনা সঠিকভাবে মেনে চললে এ ধরণের বিলম্ব পরিহার করা সম্ভব। অনেক ক্ষেত্রেই একটি MR এর মালামাল ক্রয় কার্যক্রম শুরুর কিছুদিন পর অন্য বিভাগ থেকে একই ধরণের MR উত্থাপন করা হয়। ফলে বৈদেশিক সংগ্রহ বিভাগকে বছরের শুরুতে অপেক্ষা করতে হয়। সরবরাহকারী প্রতিষ্ঠান যোগাযোগ না করলে মালামাল ক্রয় প্রক্রিয়ায় বিলম্ব হয়। উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) উল্লেখ করেন মালামাল সংগ্রহে বিলম্ব হলে user বিভাগ/শাখাকে ৬ মাসের মধ্যে অবহিত করা হয়। এ বিষয়ে সভাপতি বলেন MR উত্থাপন করার পর থেকে তিন/চার মাস সময়ের মধ্যে মালামাল ক্রয়ের সার্বিক অবস্থা বৈদেশিক সংগ্রহ বিভাগ user বিভাগ/শাখাকে অবহিত করা হলে user বিভাগ/শাখা মালামাল ব্যবহারের পরবর্তী বিষয়াদি সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা সহজ হবে।

১.৩। কোম্পানির বৈদেশিক ক্রয় কার্যক্রম সঠিক ও সহজে সম্পাদন করার জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা সবাইকে জরুরি বিবেচনায় নেয়া উচিত। কমিটির সদস্য-সচিব উল্লেখ করেন কোম্পানিতে user বিভাগ/শাখা এবং ক্রয় বিভাগ উভয়েরই কোম্পানিতে প্রয়োজনীয় মালামালের তথ্যাদির আধুনিক ডাটাবেজ তৈরি করা প্রয়োজন যাতে সহজেই সরবরাহকারীর সাথে যোগাযোগ করে মালামাল সংগ্রহের কাজটি দ্রুততার সাথে শেষ করা যায়। এছাড়াও user বিভাগ/শাখা এবং ক্রয় বিভাগ উভয়েই

প্রয়োজনীয় মালামালের তথ্যাদির আধুনিক ডাটাবেজ তৈরি করার নিমিত্ত কোম্পানিতে নিয়মিতভাবে বর্তমানে ব্যবহৃত মালামাল/প্রযুক্তির উপর সেমিনার এর আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি আরো উল্লেখ করেন Propritory Item ক্রয়ের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্যাদি তৈরি করাসহ কোম্পানির সকল বিভাগ/শাখাকে বছরের শুরুতে (জুলাই মাসে) বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে বৈদেশিক সংগ্রহ বিভাগে প্রেরণ করার উপর গুরুত্বারোপ করা প্রয়োজন। বৈদেশিক মালামাল ক্রয় প্রক্রিয়া সহজ ও স্বল্পতম সময়ে সম্পন্ন করার জন্য প্রয়োজনে এ বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির পক্ষ থেকে কোম্পানির সকল বিভাগ/শাখাকে একটি মেমো প্রদান করা যেতে পারে।

২.০ সিদ্ধান্ত :

২.১। বৈদেশিক মালামাল ক্রয়ের ক্ষেত্রে MR উত্থাপনের পর থেকে তিন থেকে চার মাসের মধ্যে কোম্পানির বৈদেশিক সংগ্রহ বিভাগ সংশ্লিষ্ট মালামাল ক্রয়ের সর্বশেষ অবস্থা সম্পর্কে MR উত্থাপনকারী বিভাগ/শাখা কে অবহিত করবে;

২.২। কোম্পানির বৈদেশিক মালামাল ক্রয় কার্যক্রমকে সহজিকরণ করার জন্য প্রতি অর্থবছরের শুরুতে (জুলাই মাসে) বার্ষিক ক্রয় পরিকল্পনা বৈদেশিক সংগ্রহ বিভাগকে জানানোর জন্য সকল ডিভিশন/বিভাগ অবহিত করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির পক্ষ থেকে একটি অভ্যন্তরীণ স্মারকলিপি প্রেরণ করা হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.১২

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯
২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বৈদেশিক সংগ্রহ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২) উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন), উন্নয়ন বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৩) উপ-মহাব্যবস্থাপক (হবিগঞ্জ), হবিগঞ্জ ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৫) ব্যবস্থাপক (এফপি), বৈদেশিক সংগ্রহ শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৬) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপক, প্লান্ট মেইনটেন্যান্স শাখা (হবিগঞ্জ ফিল্ড), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৮) উপ-ব্যবস্থাপক (জিওলজিক্যাল) , জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৯) সহকারী ব্যবস্থাপক (এফপি) , বৈদেশিক সংগ্রহ শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

## দপ্তর/সংস্থা/স্থাপনার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা
## (৩য় ত্রৈমাসিক: জানুয়ারি-মার্চ, ২০২৩), অর্থবছর: ২০২২-২৩

স্থানঃ মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল
তারিখঃ ১৩.০২.২০২৩, সোমবার

উপস্থিতিঃ

| ক্রমিক নম্বর | নাম/পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>আহ্বায়ক, সিটিজেন চার্টার কমিটি। | 13.02.23 |
| ২ | জনাব এম কে মাসুক<br>উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) | 13/2/23 |
| ৩ | জনাব মীর মোঃ আশরাফুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন)<br>সদস্য, সিটিজেন চার্টার কমিটি। | ১৩/02/২০২৩ |
| ৪ | জনাব বিনয় কুমার ঘোষ<br>উপ-মহাব্যবস্থাপক(হবিগঞ্জ) | 13.02.23 |
| ৫ | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং)<br>সদস্য-সচিব, সিটিজেন চার্টার কমিটি। | 13/02/2023 |
| ৬ | জনাব এম.এম.কামাল উদ্দীন<br>ব্যবস্থাপক(বৈদেশিক সংগ্রহ) | ১৩/02/2023 |
| ৭ | জনাব মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ)<br>সদস্য, সিটিজেন চার্টার কমিটি। | ১৩.২.২৩ |
| ৮ | জনাব মোঃ মাহমুদুর রহমান<br>ব্যবস্থাপক (প্লান্ট রক্ষণাবেক্ষণ) হবিগঞ্জ। | 13.02.23 |
| ৯ | জনাব জয়দেব কুমার দত্ত<br>উপ-ব্যবস্থাপক (জিওলজি)<br>সদস্য, সিটিজেন চার্টার কমিটি। | 13.02.23 |
| ১০. | জনাব মো: [illegible]<br>সহকারী-ব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) | 13.02.23 |

২২

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
অভ্যন্তরীণ স্মারকলিপি

জরুরি
গোপনীয়

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২৩

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯
১৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **বৈদেশিক মালামাল ক্রয় প্রক্রিয়া সহজিকরণ ও দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য অর্থবছরের শুরুতে (জুলাই মাসের মধ্যে) Annual Procurement Plan (APP) অনুযায়ী MR উত্থাপন প্রসঙ্গে।**

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভূক্ত ৫টি টুলস্ এর মধ্যে "সেবা প্রদান প্রতিশ্রুতি" একটি অন্যতম টুলস্। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

গত ১৩-০২-২০২৩ তারিখে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভার সিদ্ধান্তের আলোকে কোম্পানির সকল ডিভিশন/বিভাগ/শাখা প্রধানগণকে কোম্পানির বৈদেশিক মালামাল ক্রয় কার্যক্রমকে সহজিকরণ করার জন্য প্রতি অর্থবছরের শুরুতে (জুলাই মাসের মধ্যে) বৈদেশিক মালামাল ক্রয়ের নিমিত্ত Annual Procurement Plan (APP) বা বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বৈদেশিক সংগ্রহ বিভাগ বরাবর MR উত্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

১৬-২-২০২৩
মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও আহবায়ক,
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি,
বিজিএফসিএল।

বিতরণ :
১) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
২) উপ-মহাব্যবস্থাপক (সকল)/প্রকল্প পরিচালক (সকল)/ব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২৩/১

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯
১৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

১৬-২-২০২৩

মোঃ রফিকুল ইসলাম

ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং) ও সদস্য-

সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ

কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
অভ্যন্তরীণ স্মারকলিপি

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.১৪

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯
৩১ অক্টোবর ২০২২

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন প্রসঙ্গে।**

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকের অনুচ্ছেদ-২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বছরে ২টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার এর আয়োজন করার নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিকে প্রধান কার্যালয় এবং তিতাস ফিল্ডের কর্মকর্তা এবং কর্মচারীদের সমন্বয়ে ১টি এবং ৩য় ত্রৈমাসিকে মেঘনা ফিল্ডের কর্মকর্তা এবং কর্মচারীদের সমন্বয়ে ১টি মোট দুটি প্রশিক্ষণ আয়োজন করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

৩১-১০-২০২২
মোঃ জাকির হোসেন তরফদার
উপ-মহাব্যবস্থাপক(তিতাস ফিল্ড)-দক্ষিণ ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি

উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ)
মানব সম্পদ বিভাগ
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.১৪/১(৩)

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯
৩১ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) (অতিরিক্ত দায়িত্ব), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

২) মহাব্যবস্থাপক (অপারেশন), অপারেশন ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৩) মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৩১-১০-২০২২
মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং)

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রশিক্ষণ শাখা

অবিলম্বে
সীমিত

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৬২.৪৯.০০১.২৩/৫৮৬

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯
২৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন প্রসঙ্গে।**

কোম্পানির ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক একটি ইন-হাউজ প্রশিক্ষণ মেঘনা ফিল্ডে আগামী ০৬ মার্চ, ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দিনব্যাপী ফিল্ডের কর্মকর্তা/কর্মচারীগণের অংশগ্রহণে অনুষ্ঠিত হবে। উক্ত ইন-হাউজ প্রশিক্ষণে কোম্পানির সিটিজেন চার্টার বিষয়ক কমিটির সদস্য-সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম, ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিঃ) প্রশিক্ষণ প্রদান করবেন। বর্ণিত ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজনসহ প্রশিক্ষণার্থীগণের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণের বিপরীতে আপ্যায়নের ব্যয় স্থানীয় প্রশিক্ষণের হিসাব খাত হতে নির্বাহ করা যাবে।

২৮-২-২০২৩
মোঃ মাহমুদুন নবী
মহাব্যবস্থাপক (প্রশাসন)

ব্যবস্থাপক (মেঘনা)
মেঘনা ফিল্ড
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৬২.৪৯.০০১.২৩/৫৮৬/১(৪)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯
২৮ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি:

১) মহাব্যবস্থাপক (অপারেশন), বিজিএফসিএল।
২) মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বিজিএফসিএল।
৩) উপ-মহাব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং), বিজিএফসিএল।
৪) ব্যবস্থাপক (রিজার্ভার ইঞ্জিনিয়ারিং), বিজিএফসিএল।

২৮-২-২০২৩
মোঃ মাহমুদুন নবী
মহাব্যবস্থাপক (প্রশাসন)

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের উপস্থিতিঃ
তারিখঃ ০৬ মার্চ, ২০২৩ খ্রি. রোজ সোমবার সকাল: ১০:০০ ঘটিকা
স্থানঃ মেঘনা ফিল্ড, বাঞ্ছারামপুর, বিজিএফসিএল।

| ক্রঃ নং | **অংশগ্রহণকারীর নাম ও পদবি**<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | **স্বাক্ষর** |
|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ জয়নাল আবেদীন, ব্যবস্থাপক (মেঘনা) | 06.03.2023 |
| ২। | জনাব সাইদুজ্জামান ভূঞা, উপব্যবস্থাপক (নিরাপত্তা) | |
| ৩। | জনাব মোঃ রবিউল আলম, উপব্যবস্থাপক (প্লান্ট মেইনটেন্যান্স) | |
| ৪। | জনাব রফিকুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক | AM(PR). |
| ৫। | জনাব মোঃ বেলাল হোসাইন খান, সহকারী ব্যবস্থাপক | Belal |
| ৬। | জনাব মোঃ আবদুল মান্নান ভূইয়া, ফোরম্যান-১ (নিরাপত্তা) | |
| ৭। | জনাব মোঃ এমরান খাঁন, ফোরম্যান-১ (নিরাপত্তা) | |
| ৮। | জনাব আহছান উল্যাহ, সিনিয়র নিরাপত্তা প্রহরী | |
| ৯। | জনাব মোহাম্মদ আবদুর রব, ডেসপাচ ক্লার্ক-২ | |
| ১০। | জনাব মোঃ সাইফুল ইসলাম, কম্পিউটার অপারেটর-২ | |
| ১১। | জনাব মোঃ মিজানুর রহমান, ফোরম্যান (প্রডাকশন) | |
| ১২। | জনাব কাজী সাদ্দাম হোসেন, অপারেটর-২ (প্লান্ট) | |
| ১৩। | জনাব মোঃ জামাল হোসেন, অপারেটর-২ (প্লান্ট) | |
| ১৪। | জনাব মোঃ জাহিদুল ইসলাম, অপারেটর-১ (প্লান্ট) | |
| ১৫। | জনাব মোঃ শফিকুল ইসলাম, অপারেটর-১ (প্লান্ট) | |
| ১৬। | জনাব জারু মিয়া, ফোরম্যান (ওয়েলডিং) | |

| | | |
|---|---|---|
| ১৭। | জনাব মোঃ আল আমিন খান, ফায়ার ফাইটার-৩ | [signature] |
| ১৮। | জনাব মোঃ ইসলাম হোসেন, ফায়ার ফাইটার-৩ | |
| ১৯। | জনাব মোঃ হাসান ইমাম, ফায়ার ফাইটার-৩ | [signature] |
| ২০। | জনাব মিজানুর রহমান, ফায়ার ফাইটার-৩ | [signature] |

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)



সর্ব-শেষ হাল-নাগাদ: ৩১শে মার্চ ২০২৩

## সিটিজেন চার্টার

| ক্রমিক | বিবরণ | ডাউনলোড |
|---|---|---|
| ০১ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ৩০ মার্চ, ২০২৩) | ডাউনলোড |
| ০২ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ২০ ফেব্রুয়ারি, ২০২৩) | ডাউনলোড |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ৩১ ডিসেম্বর, ২০২২) | ডাউনলোড |
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ২৬ অক্টোবর, ২০২২) | ডাউনলোড |
| ০৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ২৪ সেপ্টেম্বর, ২০২২) | ডাউনলোড |
| ০৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ২১ সেপ্টেম্বর, ২০২২) | ডাউনলোড |
| ০৭ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ২২ আগষ্ট, ২০২২) | ডাউনলোড |
| ০৮ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ২১ জুন, ২০২২) | ডাউনলোড |
| ০৯ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ১৩ মার্চ, ২০২২) | ডাউনলোড |
| ১০ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ২৩ জানুয়ারি, ২০২২) | ডাউনলোড |
| ১১ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ ডিসেম্বর, ২০২১) | ডাউনলোড |
| ১২ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ সেপ্টেম্বর, ২০২১) | ডাউনলোড |
| ১৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ জুন, ২০২১) | ডাউনলোড |
| ১৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার, হালনাগাদ এপ্রিল, ২০২১) | ডাউনলোড |

পরিচালনা পর্ষদ চেয়ারম্যান



ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব

বিস্তারিত...

চেয়ারম্যান, পেট্রোবাংলা



জনেন্দ্র নাথ সরকার
চেয়ারম্যান, পেট্রোবাংলা।
(চেয়ারম্যান মহোদয়ের জীবনবৃত্তান্ত)
চেয়ারম্যান মহোদয়ের বার্তা

ব্যবস্থাপনা পরিচালক



মো: শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক

অত্যাবশ্যকীয় ই-সেবা